# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৭৩

১/ বিবিধ

আরবী

لوبني هذا المسجد إلى صنعاء كان مسجدي
ضعيف جدا

رواه أبو زيد عمر بن شبة النميري في كتاب " أخبار المدينة " حدثنا محمد بن يحيى عن سعد بن سعيد عن أخيه عن أبيه عن أبي هريرة قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره، كذا في " الرد على الإخنائي " (126)
قلت: وهذا سند ضعيف جدا، آفته أخوسعد بن سعيد واسمه عبد الله بن سعيد بن أبي سعيد المقبري وهو متروك متهم بالكذب، وأخوه سعد لين الحديث، وقد أشار إلى تضعيف الحديث ابن النجار في " تاريخ المدينة " المسمى بـ " الدرر الثمينة " (ص 370) بقوله: " وروي عن أبي هريرة أنه قال: ... فذكره
والظاهر أن أصل الحديث موقوف رفعه هذا المتهم، فقد رواه عمر بن شبة من طريقين مرسلين عن عمر قال: " لومد مسجد النبي صلى الله عليه وسلم إلى ذي الحليفة لكان منه
هذا لفظه من الطريق الأولى ولفظه من الطريق الأخرى: " لوزدنا فيه حتى بلغ الجبانة كان مسجد رسول الله صلى الله عليه وسلم، وجاءه الله بعامر
ثم إن معناه صحيح، يشهد له عمل السلف به حين زاد عمر وعثمان في مسجده صلى الله عليه وسلم من جهة القبلة، فكان يقف الإمام في الزيادة، ورواه الصحابة في الصف الأول، فما كانوا يتأخرون إلى المسجد القديم كما يفعل بعض الناس اليوم!

قال شيخ الإسلام ابن تيمية في الكتاب السابق (ص 125) : " وقد جاءت الآثار بأن حكم الزيادة في مسجده صلى الله عليه وسلم حكم المزيد، تضعف فيه الصلاة بألف صلاة، كما أن المسجد الحرام حكم الزيادة فيه حكم المزيد، فيجوز الطواف فيه، والطواف لا يكون إلا في المسجد لا خارجا منه، ولهذا اتفق الصحابة على أنهم يصلون في الصف الأول من الزيادة التي زادها عمر ثم عثمان، وعلى ذلك عمل المسلمين كلهم، فلولا أن حكمه حكم مسجده، لكانت تلك الصلاة في غير مسجده ويأمرون بذلك " ثم قال: " وهذا هو الذي يدل عليه كلام الأئمة المتقدمين وعملهم، فإنهم قالوا: إن صلاة الفرض خلف الإمام أفضل، وهذا الذي قاله هو الذي جاءت به السنة، وكذلك كان الأمر على عهد عمر وعثمان رضي الله عنهما، فإن كلاهما زاد من قبلي المسجد، فكان مقامه في الصلوات الخمس في الزيادة، وكذلك مقام الصف الأول الذي هو أفضل ما يقام فيه بالسنة والإجماع، وإذا كان كذلك، فيمتنع أن تكون الصلاة في غير مسجده أفضل منها في مسجده، وإن يكون
الخلفاء والصفوف الأول كانوا يصلون في غير مسجده، وما بلغني عن أحد من السلف خلاف هذا لكن رأيت بعض المتأخرين قد ذكر أن الزيادة ليست من مسجده، وما علمت له في ذلك سلفا من العلماء ". وقد روي الحديث بلفظ آخر وهو: (الاتي)

বাংলা

৯৭৩। যদি এ মসজিদ সান’আ পর্যন্ত (সম্প্রসারণ করে) বানানো হয়, তাহলেও তা আমার মসজিদ হত।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি আবু যায়েদ উমার ইবনু শাব্বাহ আন-নুমায়রী "কিতাবু আখবারিল মদীনাহ" গ্রন্থে মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া হতে তিনি সা’আদ ইবনু সাঈদ হতে তিনি তার ভাই হতে তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে সা’আদের ভাই আব্দুল্লাহ ইবনু সাঈদ ইবনে আবী সাঈদ আল-মাকবুরী। তিনি মাতরূক, মিথ্যার দোষে দোষী। সা’আদও হাদীছের ক্ষেত্রে দুর্বল। ইবনুন নাজ্জার "তারীখুল মদীনাহ" [নাম করা হয়েছেঃ আদ-দুরারুছ ছামীনাহ] (পৃঃ ৩৭০) গ্রন্থে হাদীছটি দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন।

হাদীছটির মূলটি মওকুফ। এই মিথ্যার দোষে দোষী ব্যক্তি মারফু করে ফেলেছেন। উমার ইবনু শাব্বাহ দু’টি মুরসাল সূত্রে উমার হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদ যদি যুল হুলায়ফাহ পর্যন্ত সম্প্রসারণ করা হত তাহলে তা তার মধ্যেই গণ্য হত।

এর অর্থটি সহীহ। সালাফদের আমল তার সাক্ষ্য দিচ্ছে। উমার ও উছমান (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদ কিবলার দিকে সম্প্রসারণ করেন। ইমাম সাহেব বর্ধিত অংশে দাঁড়াতেন আর তার পিছনে প্রথম কাতারে সাহাবাগণ থাকতেন। তারা পুরাতন মসজিদের দিকে পিছু সরে যেতেন না। আজকের দিনে কিছু কিছু লোকে যেরূপ করে থাকে!

ইবনু তাইমিয়্যাহ "আর-রাদ্দু আলাল আখনাঈ" (পৃঃ ১২৫) গ্রন্থে বলেনঃ কতিপয় আছার এসেছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদের বর্ধিত অংশের হুকুম মূল অংশের হুকুমের ন্যায়। বর্ধিত অংশেও এক রাকাআত সালাত অন্য স্থানে এক হাজার সালাতের সমতুল্য। অনুরূপভাবে মক্কায় মসজিদুল হারামের ক্ষেত্রেও একই হুকুম প্রযোজ্য। বর্ধিত অংশে তাওয়াফ করা বৈধ। তবে মসজিদের বাইরে তাওয়াফ করা চলবে না। এ কারণেই সাহাবাগণ ঐকমত্য হয়ে উমার অতঃপর উছমান (রাঃ) কর্তৃক বর্ধিত অংশে প্রথম কাতারে সালাত আদায় করতেন। আর এর উপরেই সকল মুসলিমদের আমল হয়ে আসছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71852

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন